

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 10-04 -2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

ADC-Election :

এডিসি নির্বাচনে আজ বিকেল ৪টায় সব প্রচার শেষ হবে। আগামী ১২ এপ্রিল রবিবার এডিসি'র ২৮টি আসনে সকাল ৭টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে। এই নির্বাচনে মোট ১৭৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন। এডিসি নির্বাচনে মোট ৯ লক্ষ ৬২ হাজার ৬৯৭ জন ভোটার রয়েছেন। এদের মধ্যে পুরুষ ভোটার ৪ লক্ষ ৮২ হাজার ২৫ জন, মহিলা ভোটার ৪ লক্ষ ৮০ হাজার ৬৬৬ জন ও অন্যান্য ভোটার রয়েছেন ৬ জন।

এদিকে এডিসি নির্বাচনে গত ৭ ও ৮ এপ্রিল দু'দিনে পোস্টাল ব্যালете ভোট পড়েছে ৯৭ শতাংশ।

পুলিশ সদর দপ্তর সূত্রে জানা গেছে, এডিসি নির্বাচনের জন্য আসামের শ্রীভূমি এবং কাছাড় থেকে আজ ২০ কোম্পানী কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী রাজ্যে আসছে।

এডিসিতে শান্তিপূর্ণ ও অবাধ ভোটগ্রহণ নিশ্চিত করতে আজ বিকেল ৪টা থেকে ১৩ এপ্রিল সকাল ৬টা পর্যন্ত ভোটকেন্দ্রের ২০০ মিটারের মধ্যে পাঁচ বা তার বেশি লোকের জমায়েত সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে। পশ্চিম জেলার জেলা শাসক

ডাঃ বিশাল কুমার জানিয়েছেন, নির্বাচনের দিন চার চাকার গাড়ির কনভয় একসঙ্গে তিনটির বেশি রাখা যাবে না। দুই চাকার গাড়িতে আরোহী সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। এমনকি ভোটের দিন কোনো দুই চাকার যানবাহন একসঙ্গে চলাচল করতে পারবে না।

জেলা শাসকের নির্দেশে আরও বলা হয়েছে, লাঠি, বাঁশ, কাঠের দণ্ড, লোহার পাইপ ইত্যাদি বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে। তবে নির্বাচনী দায়িত্বে থাকা নিরাপত্তা বাহিনী, পুলিশ ও সরকারি কর্মচারীদের ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য হবে না।

Bye-Election :

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে ভোট গ্রহণ শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে। কড়া নিরাপত্তার মধ্য দিয়ে গতকাল মোট ৫৫টি কেন্দ্রে ভোটগ্রহণ করা হয়। নির্বাচন কমিশনের সর্বশেষ তথ্য অনুযায়ী এই উপ-নির্বাচনে ভোটের হার ৮০.০৪ শতাংশ। এই উপ-নির্বাচনে ৬ জন প্রার্থীর ভাগ্য নির্ধারিত হয়েছে। বিজেপি'র জহর চক্রবর্তী, জাতীয় কংগ্রেসের চয়ন ভট্টাচার্য, সি.পি.আই(এম)-এর অমিতাভ দত্ত, আমরা বাঙালী দলের বিভাস রঞ্জন দাস, এস.ইউ.সি.আই সঞ্জয় চৌধুরী এবং নির্দল প্রার্থী ব্রজলাল দেবনাথ আছেন প্রতিদ্বন্দিতায়।

উপ-নির্বাচনে নতুন ভোটার সহ সমস্ত ভোটার উৎসবের মেজাজে তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন।

ভোট গ্রহণ শেষে ভোট কর্মীরা ভোটসামগ্রী নিয়ে ফিরে আসার পর কড়া নিরাপত্তায় ই.ভি.এম ও ভিভিপিআট পিএমশ্রী ধর্মনগর গার্লস স্কুলের স্ট্রং রুমে রাখা হয়েছে। ভোট গণনা হবে আগামী চৌঠা মে।

এদিকে, ধর্মনগর বিধানসভা আসনের উপ-নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় প্রদেশ বিজেপি'র পক্ষ থেকে নির্বাচন কমিশন ও ভোটারদের অভিনন্দন জানানো হয়েছে।

ASSEMBLY ELECTION-3 STATES :

আসাম, কেরলম এবং কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরিতে বিধানসভা নির্বাচনের ভোটগ্রহণ শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। ভোটাররা গতকাল আসামের ১২৬টি আসনে, কেরলমের ১৪০টি আসনে এবং পুদুচেরির ৩০টি আসনে ভোট দিয়েছেন। আসামে ৮৫.৪০শতাংশ ভোট পড়েছে। দক্ষিণ সালমারা মানকাচর জেলায় সর্বোচ্চ ৯৫.১৭% ভোট পড়েছে। কেরলমে ৭৮শতাংশ ভোট পড়েছে। কোঝিকোড় জেলায় সর্বোচ্চ ৮০.৮৯ শতাংশ ভোট পড়েছে। কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরিতে ৮৯.৮৩শতাংশ ভোট পড়েছে।

কর্নাটকের বাগলকোটে অনুষ্ঠিত উপনির্বাচনে ৬৮.৭০শতাংশ এবং দক্ষিণ দাভানাগেরিতে ৬৮.৫৫শতাংশ ভোট পড়েছে। নাগাল্যান্ডের মোকোকচুং জেলার কোরিডাং বিধানসভা কেন্দ্রে ভোটদানের হার ৮২.২১শতাংশ।

আগামী মাসের ৪ তারিখে আসাম, কেরলম, তামিলনাড়ু, পশ্চিমবঙ্গ এবং কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরির ভোট গণনা অনুষ্ঠিত হবে।

NCC Camp :

১৩ ত্ৰিপুৰা ব্যাটেলিয়ান এন.সি.সি'ৰ উদ্যোগে গতকাল থেকে শহীদ ভগৎ সিং যুব আবাসে এনসিসি ক্যাডেটদের নিয়ে কম্বাইন্ড বাৰ্ষিক প্ৰশিক্ষণ শিবির শুরু হয়েছে। চলবে ১৭ই এপ্ৰিল পৰ্যন্ত। এই শিবিরে ত্ৰিপুৰা ও আসাম থেকে মোট ৪৭২ জন এনসিসি ক্যাডেট অংশ নিয়েছে। এরমধ্যে বালক বিভাগে ২৪০ জন ও বালিকা বিভাগে এন.সি.সি ক্যাডেট রয়েছে ২৩২ জন। গতকাল এই প্ৰশিক্ষণ শিবিরে ১৩ ত্ৰিপুৰা ব্যাটেলিয়ান এনসিসি'ৰ কৰ্ণেল-কমান্ডিং অফিসার এন এস বাথ এন.সি.সি ক্যাডেটদের দেশ মাতৃকায় সেবায় আত্মনিয়োগ করার আহ্বান জানান। তিনি বলেন, এই শিবির থেকে আসাম ও ত্ৰিপুৰার মোট ২৭ জন এন.সি.সি ক্যাডেটকে নিৰ্বাচিত করা হবে।

LPG :

পেট্ৰোলিয়াম ও প্ৰাকৃতিক গ্যাস মন্ত্ৰকের যুগ্ম সচিব সূজাতা শৰ্মা বলেছেন, কেন্দ্ৰীয় সরকার সারা দেশের পৰিবারগুলিকে ১০০ শতাংশ এল.পি.জি সরবরাহ নিশ্চিত করেছে। পশ্চিম এশিয়া সঞ্চট নিয়ে গতকাল নতুন দিল্লিতে আন্তঃমন্ত্ৰক আলোচনার সময় সূজাতা শৰ্মা জানান, এল.পি.জি বিতৰণকাৰীদের এলপিজি সিলিন্ডারের কোনো সঞ্চট নেই। তিনি জানান, গতকাল ৫১ লক্ষেরও বেশি বাড়িতে এল.পি.জি সিলিন্ডার বিতৰণ করা হয়েছে।

Kajal Smriti Football :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবলে কাতলামারা হাই স্কুল এবং সাই এসটিসি সেমিফাইনালে উঠেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতকাল আসরের দুটি কোয়ার্টার ফাইনালে কাতলামারা হাই স্কুল ৪-৩ গোলে টি আই এস এফ-কে এবং সাই এসটিসি ৩-১ গোলে আস্তাবল স্পোর্টস এন্ড কোচিং সেন্টারকে হারিয়ে দেয়। আজ আরো দুটি কোয়ার্টার ফাইনাল হবে।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সমস্ত জেলায় বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১ ডিগ্রি সেলসিয়াস। ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত পরিমাপ যোগ্য বৃষ্টিপাত ০.৫ মিলিমিটার।
